কালের কণ্ঠ

তারিখ 18 SEP 2017
পৃষ্ঠা ৩ কলাম ১

# চুয়েটে ভর্তি পরীক্ষা ১ নভেম্বর আবেদন শুরু ২১ সেপ্টেম্বর

নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম ▷

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) চারটি অনুষদের ১০টি বিভাগে স্নাতক কোর্সে ৭০০ আসনের বিপরীতে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ভর্তীচ্ছু প্রার্থীদের কাছ থেকে আবেদন আহ্বান করা হয়েছে। ভর্তির জন্য অনলাইনে আবেদনপত্র গ্রহণ ২১ সেপ্টেম্বর শুরু হয়ে শেষ হবে আগামী ৩ অক্টোবর। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১ নভেম্বর।

পরীক্ষার্থীরা চুয়েট ওয়েবসাইট http://web.cuet.ac.bd/admission2017 অথবা http://www.cuet.ac.bd/admission থেকে ভর্তি নির্দেশিকা ২০১৭-১৮ ডাউনলোড করে নিতে পারবে।

বিভাগগুলো হচ্ছে–সিভিল ইঞ্জিনিয়ারিং (১৩০ আসন), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (১৩০ আসন), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (১৩০ আসন), ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (১৩০ আসন), ইলেকট্রনিকস অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (৩০ আসন), পেট্রোলিয়াম অ্যান্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং (৩০ আসন), সিভিল অ্যান্ড ওয়াটার রিসোর্সেস ইঞ্জিনিয়ারিং (৩০ আসন), মেকাট্রনিকস অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং (৩০ আসন), আর্কিটেকচার (৩০ আসন), আরবান অ্যান্ড রিজিওনাল প্ল্যানিং (৩০ আসন)।

এ ছাড়া রাখাইন সম্প্রদায়ের জন্য একটি, পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য জেলার উপজাতীয়দের জন্য ১০টিসহ অতিরিক্ত ১১টি আসন সংরক্ষিত আছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........
তারিখ.........
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর